বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচি (পিইপি)
নির্বাহী পরিচালকের কার্যালয়
সদর দপ্তর, জেলা পরিষদ চত্বর, ফরিদপুর

স্মারক নম্বর-৪৭.৬২.০০০০.৯৪২.০০.০০৯.১৮.১৬০৪ তারিখ: ১৬.১২.২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিআরডিবি'র আওতাধীন ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর ও গোপালগঞ্জ জেলায় সম্পূর্ণ নিজস্ব আয়ে (বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য দ্বারা) পরিচালিত উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচি(পিইপি),বিআরডিবি, ফরিদপুর-এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রমে (বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ) যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	মাঠ সংগঠক	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	৫০	স্নাতক ডিগ্রী।
২.	কম্পিউটার কাম ক্রেডিট অ্যাসিসটেন্ট (সিসিএ)	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৮	ক) কম্পিউটারে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৪০ ও ৩০ শব্দ টাইপের গতিসহ এইচএসসি পাস। খ) কম্পিউটারে MS word, Excel, Internet browsing ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

নিয়োগের শর্তাবলী:

১. পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ও শুধুমাত্র পিইপি'র জন্য প্রযোজ্য যা বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত নয়।
২. নিয়োগকৃত পদসমূহের কর্মচারীদের বেতন ভাতাদি বিনিয়োগকৃত অর্থ/প্রদেয় ঋণ হতে প্রাপ্ত আয়/সেবামূল্য হতে প্রদান করা হবে। আয়/সেবামূল্য ব্যতীত অন্য কোন অর্থ/খাত হতে বেতন দাবী করা যাবে না।
৩. নিয়োগকৃত কর্মচারী কখনই বিআরডিবি'র মূল পদে বা রাজস্বখাতে চাকরির নিয়োগে কোন প্রাধিকার/অগ্রাধিকার পাবে না বা তাদের বয়সও শিথিলযোগ্য হবে না।
৪. মাঠ সংগঠক পদে (ক্রমিক নং-১) নির্বাচিত প্রার্থীদের পিইপিভুক্ত ৫টি জেলার ইউনিয়ন পর্যায়ে অবস্থান করে কাজ করার মানসিকতা থাকতে হবে। এলাকার দরিদ্র জনগোষ্ঠী বিশেষ করে বিত্তহীনদের জীবনযাত্রার মান উন্নয়নে কাজ করতে হবে। কম্পিউটার কাম ক্রেডিট অ্যাসিসটেন্ট (সিসিএ) পদে (ক্রমিক নং-২) নির্বাচিত প্রার্থীদেরকে পিইপিভুক্ত জেলা দপ্তর অথবা জেলাধীন উপজেলায় অবস্থান করে কাজ করতে হবে।
৫. আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) জাতীয়তা, (জ) বয়স (২৫.০৩.২০২০খ্রিস্টাব্দ তারিখে) (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) আবেদনপত্রে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর, তারিখ ও ব্যাংকের নাম উল্লেখ করতে হবে, ঠ) প্রার্থীকে **"নির্বাহী পরিচালক, উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচি (পিইপি), সদর দপ্তর, ফরিদপুর"** বরাবরে আবেদন করতে হবে।
৬. আবেদনপত্রের সাথে (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (গ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট থেকে গৃহীত চারিত্রিক সনদপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে। (চ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরৎ খাম অবশ্যই সংযুক্ত করতে হবে। সংযুক্ত সনদপত্রের অনুলিপি ও ছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সিলসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে। আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রই ফেরৎযোগ্য নয়। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে (১২.০২.২০২৩)খ্রিস্টাব্দ তারিখের পর) প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন প্রকার তথ্য গোপন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. খামের উপরে অবশ্যই প্রার্থীর পদের নাম,জেলার নাম ও কোটার নাম(যদি থাকে) স্পষ্ট করে লিখতে হবে। একটি খামে একাধিক আবেদনপত্র প্রেরণ করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৮. প্রার্থী নির্বাচনে প্রচলিত বীরমুক্তিযোদ্ধা কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। তবে এক্ষেত্রে উপযুক্ত প্রমাণাদি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
৯. সকল পদের প্রার্থীর বয়স ২৫.০৩.২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুর্ধ্ব ৩০বছর এবং সর্বনিম্ন ১৮বছর হতে হবে। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২বছর। বিআরডিবি'র কর্মসূচির প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
১০. আবেদনপত্রের সাথে **"নির্বাহী পরিচালক, পিইপি-বিআরডিবি"** শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড,জেলা পরিষদ শাখা, ফরিদপুর-এর অনুকূলে মাঠসংগঠক(ক্রমিক নং-১) পদের জন্য ৪০০(চারশত) টাকার এবং কম্পিউটার কাম ক্রেডিট অ্যাসিসটেন্ট (সিসিএ) (ক্রমিক নং-২) পদের জন্য ৩০০(তিনশত) টাকার এমআইসিআর পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরৎ যোগ্য) সংযুক্ত করতে হবে।
১১. প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
১৩. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধিসহ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৪. নিয়োগের ক্ষেত্রে যে কোন তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
১৫. লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এবং ফলাফল বিআরডিবি'র ওয়েব সাইট www.brdb.gov.bd তে প্রকাশ করা হবে।
১৬. আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে আগামী ১২.০২.২০২৩খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় কেবলমাত্র ডাকযোগে **"নির্বাহী পরিচালক, উৎপাদনমুখী কর্মসংস্থান কর্মসূচি (পিইপি), বিআরডিবি, সদর দপ্তর, এলজিইডি ভবন (তয় তলা), জেলা পরিষদ চত্বর, ফরিদপুর"** বরাবরে আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৬.১২.২০২২

কল্লোল সরকার
নির্বাহী পরিচালক